ASAP
www.asaproject.org.uk
ASYLUM SUPPORT APPEALS PROJECT

## আমরা কারা?

ASAP-এর অর্থ হল Asylum Support Appeals Project. আমরা একটি ছোট দাতব্য সংস্থা যাদের মূল ফোকাস রয়েছে আশ্রয় সহায়তা আইনের উপর। আশ্রয় সহায়তা হল যখন Home Office আশ্রয় প্রার্থীদের বাসস্থান ও আর্থিক সহায়তা প্রদান করে। আমরা Home Office এবং অ্যাসাইলাম সাপোর্ট ট্রাইব্যুনাল (Asylum Support Tribunal) থেকে আলাদা। আমাদের করা কাজগুলির মধ্যে একটি হল একটি ডিউটি স্কিম চালানো, যা Home Office সহায়তা মঞ্জুর করা বা চালিয়ে যাওয়ার অনুরোধ প্রত্যাখ্যান করলে তার বিরুদ্ধে অ্যাসাইলাম সাপোর্ট ট্রাইব্যুনালে আবেদন করা ব্যক্তিদের বিনামূল্যে আইনি পরামর্শ দেয় এবং তাদের প্রতিনিধিত্ব করে।

একটি ছোট দাতব্য সংস্থা হওয়ার কারণে **আমাদের কাছে রেফার করা সকল ব্যক্তির প্রতিনিধিত্ব আমরা সবসময় করতে পারি না**। আমরা যথাসম্ভব বেশি সংখ্যক মানুষের প্রতিনিধিত্ব করার চেষ্টা করি এবং আমরা যদি আপনার প্রতিনিধিত্ব করতে না পারি তাহলে শুনানির আগেই তা আপনাকে জানিয়ে দেব।

**অনুগ্রহ করে খেয়াল করুন আমরা আশ্রয় দাবির আবেদন (অ্যাসাইলাম ক্লেইম অ্যাপিলস) বা অভিবাসন সংক্রান্ত বিষয়ে প্রতিনিধিত্ব প্রদান করি না আমরা শুধু আশ্রয় সহায়তা আবেদনে (অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপিলস) সহায়তা করতে পারি।**

## প্রতিনিধিত্ব করার জন্য আপনি আমাদের কিভাবে অনুরোধ করতে পারেন?

কোনও ব্যক্তি যদি আপনাকে সহায়তার জন্য আবেদন করার ক্ষেত্রে সাহায্য করেন তাহলে সেই ব্যক্তিকে আমাদের রেফারেল এবং অথোরিটি ফর্মটি পূরণ করার মাধ্যমে আপনাকে আমাদের কাছে রেফার করতে বলতে পারেন। আপনাকে যদি সহায়তার জন্য আবেদন করার ক্ষেত্রে কেউ সাহায্য না করে তাহলে আপনার শুনানির আগেই আপনি আপনার স্বাক্ষরিত অথোরিটি ফর্মটি আমাদের কাছে পাঠানোর মাধ্যমে নিজেই নিজেকে আমাদের কাছে রেফার করতে পারেন। নিম্নলিখিত ওয়েবসাইট www.asaproject.org/contact/referrals-এ আপনি এই ফর্মটি পেতে পারেন। আপনাকে আপনার ফর্মটি referrals@asaproject.org.uk-তে ইমেইল করে পাঠাতে হবে

## আমরা যদি আপনার প্রতিনিধিত্ব করতে যাই তাহলে কী হয়?

আমরা যদি আপনার প্রতিনিধিত্ব করতে যাই তাহলে আপনি ট্রাইব্যুনালের পৌঁছালে একজন প্রতিনিধি আপনার সাথে দেখা করবেন। শুনানির অন্তত এক ঘণ্টা আগে আপনার পৌঁছানো উচিৎ। প্রতিনিধি আপনাকে কিছু প্রশ্ন করবেন যাতে তাঁরা আপনার কেসটি আরও ভালভাবে বুঝতে পারেন। কিছু কিছু ক্ষেত্রে এই প্রশ্নগুলি অত্যন্ত ব্যক্তিগত মনে হতে পারে এবং প্রায়শই এই প্রশ্নগুলি অত্যন্ত বিশদে জিজ্ঞাসা করা হবে এবং আপনার আর্থিক অবস্থা সম্বন্ধীয় নির্দিষ্ট তথ্যের বিষয়ে জানার জন্য এবং আপনি কিভাবে নিজেকে সাপোর্ট করছেন তা জানার জন্য প্রশ্নগুলি করা হবে। আপনার আবেদনের ক্ষেত্রে আপনাকে সাফল্য লাভের সবথেকে ভাল সম্ভাবনা প্রদান করার জন্য এই প্রশ্নগুলি করা হয় – জজ এবং Home Office এর প্রতিনিধিরা শুনানিতে আপনাকে যে প্রশ্নগুলি করতে পারেন আপনার প্রতিনিধি সেগুলি খুব ভালভাবে জানেন। আগে থেকে এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করা হলে তা আপনাকে

শুনানির জন্য প্রস্তুত করে তোলে এবং এটি আপনার প্রতিনিধিকে আপনার কেসটি প্রস্তুত করতেও সাহায্য করে।

আমরা আপনার সাথে দেখা করে আপনার কেসটি সম্বন্ধে জানার পরে সিদ্ধান্ত নিতে পারি যে আমরা যদি আপনার প্রতিনিধিত্ব না করি তাহলেই আপনার পক্ষে ভাল হবে। যদি এমন হয় তাহলেও আমরা আপনাকে আপনার শুনানির আগে এবং পরে পরামর্শ প্রদান করব।

আপনি যখন প্রথমবার আপনার প্রতিনিধির সাথে দেখা করবেন তখন তিনি আপনাকে একটি ফর্মে স্বাক্ষর করতে বলবেন যাতে লেখা থাকবে যে আপনি চান ASAP আপনার প্রতিনিধিত্ব করুক। **আপনি যদি এই ফর্মটি স্বাক্ষর করে অনুমতি না দেন তাহলে আমরা আপনার প্রতিনিধিত্ব করতে পারব না।**

ফর্মটিতে দুটি অতিরিক্ত টিক চিহ্নের ঘরও আছে যার মাধ্যমে জিজ্ঞাসা করা হয় যে ASAP ভবিষ্যতে আপনার সাথে যোগাযোগ করতে চাইলে তাতে আপনার সম্মতি আছে কিনা এবং আশ্রয় সহায়তা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ এবং নীতিগুলি উন্নত করার জন্য আপনি ASAP-কে আপনার / আপনার পরিবারের কেসটি Home Office এর সাথে শেয়ার করতে দিতে চান কিনা। আমরা যাতে আপনার প্রতিনিধিত্ব করি তার জন্য আপনাকে এই ঘরগুলিতে টিক দিতেই হবে **এমন নয়**, এটি সম্পূর্ণ আপনার ইচ্ছার উপর নির্ভরশীল। আপনি টিক চিহ্ন না দিলেও **আমরা আপনার প্রতিনিধিত্ব করব**। ভবিষ্যতে referrals@asaproject.org.uk-তে ইমেইল করে আমাদের সাথে যোগাযোগ করার মাধ্যমে আপনি যেকোনও সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন।

**Asylum Support Appeals Project, Studio 11/12, Container City Building,**
**48 Trinity Buoy Wharf, London, E14 OFN**
**tel: 020 3716 0284 |fax: 020 3716 0272 | www.asaproject.org**
**email: referrals@asaproject.org.uk**
**Company registered in England and Wales number 04763838 | Registered charity number 1105625**
**For more information about how we use your data, please read our Privacy Notice: www.asaproject.org/privacy**